দর্শনায় ভেজাল ও নকল ওষধ কারখানার সন্ধান, সরঞ্জামসহ মেশিন জব্দ

দর্শনায় ওয়েষ্ট ল্যাবরেটরিজ আয়ুবেদিক ফার্মাসিটিক্যালে অভিযান চালিয়ে নকল ওষধ তৈরি করার সরঞ্জামসহ মেশিন আটক করেছে ঢাকা ডিএমপির ডিবি কোতোয়ালী পুলিশ।

জানা গেছে বুধবার সকাল ৭ টার ঢাকা ডিএমপি ডিবি পুলিশের ১০/১২ জনের একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় দর্শনা পৌরসভার ভাড়া করা একটি কক্ষে। এ সময় পুলিশ নকল ও ভেজাল ওষধ তৈরি করার মেশিন ও কিছু আয়ুবেদিক ওষধ জব্দ করে।

ঢাকা ডিএমপি ডিবি পুলিশের এডিসি সাইফুল ইসলাম সাংবাদিকদের বলেন আমরা এখানে নকল ও ভেজাল ওষধ তৈরি করার তথ্য পেয়েছি। সে সুবাদে আমরা অভিযান চালাচ্ছি। আমরা নকল ওষধ ও চোরাইকৃত মেশিন জব্দ করে নিয়ে যাচ্ছি।

উল্লেখ থাকে যে গত সোমবার ঢাকার একটি ওষধ কারখানায় ভেজাল বিরোধী অভিযান চালায় ডিএমপির ডিবি পুলিশ। সেখান থেকে দর্শনা জয়নগর গ্রামের মৃত্য তফেল উদ্দিনের ছেলে গিয়াস উদ্দিন (৪৫) কে আটক করে।

পরে তাকে ঢাকা থেকে দর্শনায় নিয়ে আসে পুলিশ। দর্শনায় নিয়ে এসে দর্শনা পৌরসভার ভাড়া করা একটি কক্ষে প্রায় ৫ ঘন্টা অভিযান চালিয়ে নকল ও ভেজাল ওষধ তৈরি করার মেশিন জব্দ করে।

এ অভিযান শেষে দর্শনা জয়নগর গ্রামের গিয়াস উদ্দিন কে আটক করে আবার ঢাকায় নিয়ে যায়।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির বলেন ঢাকা থেকে ডিবির একটি দল এসেছে ভেজাল ও নকল ওষধ কারাখানার সন্ধনে। এসে নকল ও ভেজাল ওষধ তৈরি করার মালামাল নিয়ে গেছে।

[redacted]

[redacted]

টিসিবির মালামাল বিতরণ

আলমডাঙ্গার উপজেলার খাসকররা ইউনিয়নে নিম্নআয়ের মানুষের মাঝে ১ হাজার ৭৮ জনকে টিসিবির পণ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। বুধবার দিনব্যাপী সরকারি ভর্তুকি মূল্যে এ পণ্য সামগ্রী বিতরণ করা হয়।

জানাগেছে, আসন্ন মাহে রমজান উপলক্ষে সরকারি ভাবে বিভিন্ন টিসিবির পণ্য সামগ্রী সুলভ মূল্যে বিক্রয় করা হয়। আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের উদ্যোগে নিম্নআয়ের মানুষের মাঝে বিক্রয় করা হয়। মালামাল বিতরণ কার্যক্রমে দায়িত্বপালন করেন মেসার্স কাজলী ট্রেডার্স।

পণ্য সামগ্রী বিক্রয়কালীন সময়ে উপস্থিত ছিলেন খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: তাছফির আহমেদ মল্লিক (লাল), টিসিবি পন্য বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা রিসোর্স সেন্টারের কর্মকর্তা মো: জামাল হোসেন,ইউনিয়ন ভূমি কর্মকর্তা সামসুদ্দীন, তিয়রবিলা ক্যাম্পের আইসি সালাউদ্দিন, ইউনিয়ন পরিষদের সচিব আশাদুল, সহ ইউ,পি সদস্যবৃন্দগণসহ আওয়ামী লীগের স্থানীয় নেতৃত্ববৃন্দ উপস্থিত ছিলো।

আলমডাঙ্গায় মোটরসাইকেলের ধাক্কায় শিশুর মৃত্যু

আলমডাঙ্গা উপজেলার বন্দরভিটায় মোটরসাইকেলের ধাক্কায় খাদিজা খাতুন নামে আড়াই বছরের এক শিশুর মৃত্যু হয়েছে।

বুধবার সন্ধ্যা ৭ টার দিকে খাদিজা খাতুনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

খাজিদা খাতুন আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের বন্দরভিটা গ্রামের শাহিনের মেয়ে।

খাদিজার মা স্বর্ণা বেগম বলেন জানায়, বুধবার বিকেলে আমি রান্না করছিলাম। আমার মেয়ে কখন বাড়ির বাইরে গেছে আমি টের পাইনি। রাস্তায় গেলে দ্রুতগতির একটি মোটরসাইকেল আমার মেয়েকে ধাক্কায় দেয়।

পরে স্থানীয়দের সহযোগিতায় আমরা উদ্ধার করে হাসপাতালে নেয়ার আগেই মৃত্যুর কোলে ঢোলে পড়ে আমার মেয়েটা।
তিনি আরও বলেন, আমার দুই ছেলে মেয়ে। এখন আমি কাকে নিয়ে বাঁচবো বলে কান্নায় ভেঙ্গে পড়েন তিনি।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. জান্নাতুল ফেরদৌস বলেন, পরিক্ষা-নিরিক্ষার পর শিশু খাজিদাকে মৃত ঘোষণা করা হয়েছে। হাসপাতালে আসার আগেই তার হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, মোটরসাইকেলের ধাক্কায় খাদিজা নামে এক শিশুর মৃত্যু হয়েছে। উর্দ্ধতন কর্মকর্তাদের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

আলমডাঙ্গায় বিষাক্ত ইনজেকশন পুশ করে শিশুকে হত্যার অভিযোগ, ঘাতক বাবা আটক

আলমডাঙ্গায় বিষাক্ত ইনজেকশন পুশ করে আড়াই মাস বয়সী এক শিশুকে হত্যার অভিযোগ উঠেছে বাবার বিরুদ্ধে। ওই ঘটনায় অভিযুক্ত বাবাকে আটক করেছে পুলিশ।

বুধবার সন্ধ্যা ৭টার দিকে তাকে আটক করা হয়। নিহত শিশু ইকবাল হোসেন আলমডাঙ্গা উপজেলার আঠারোখাদা গ্রামের ইখলাছ উদ্দিনের ছেলে।

স্থানীয় সূত্রে জানাযায়, গত কয়েক মাস যাবৎ ইখলাছ উদ্দিন তার দ্বিতীয় স্ত্রী মিতা ও শিশু সন্তানকে নিয়ে চুয়াডাঙ্গা পৌর এলাকার মাঝেরপাড়ার পলাশ উদ্দিনের বাড়িতে ভাড়ায় থাকেন।

এ বিষয়ে আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, সন্ধ্যায় খবর পেয়ে সোনাতনপুর গ্রামে পৌঁছে নিহত শিশুর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। আটক করা হয়েছে শিশুটির বাবা ইখলাছকে।

কোটচাঁদপুরে নিত্যপণ্যের মূল্য বৃদ্ধির প্রতিবাদে ক্যাবের মানববন্ধন

নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধির প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুরে শান্তিপূর্ণ মানববন্ধন করেছে কনজুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)।

বুধবার বিকালে স্থানীয় মেইন বাজার পায়রা চত্তরে সংগঠনটির কোটচাঁদপুর শাখার আয়োজনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। কনজুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) কোটচাঁদপুর শাখার সভাপতি সাবেক ব্যাংক কর্মকর্তা মকবুল হোসেনের সভাপতিত্বে মানবন্ধনে বক্তব্য রাখেন, সংগঠনের সাধারণ সম্পাদক প্রভাষক শরিফুজ্জমান তুহিন, সাংগঠনিক সম্পাদক রিপন হোসেন, মিতালীর সভাপতি সুব্রত ব্যানার্জী, কবি মিতুল সাইফ, জাসদ নেতা শামীম হোসেন বাবু প্রমূখ।

বক্তারা বলেন, সরকার দরিদ্র মানুষের কথা ভেবে কম মূল্যে টিসিবির পণ্য দিচ্ছে। এরপরও বাজারে চাল,আটা, তেল সহ নিত্যপয়োজনীয় পণ্যের মূল্য বেড়েই চলেছে। অসাধু ব্যাবসায়ীরা কৃত্তিম সংকট দেখিয়ে সাধারণ মানুষকে জিম্মি করছে।

এসময় তারা নিয়মিত বাজার মনিটরিং সহ সংশ্লিষ্টদের হস্তক্ষেপ কামনা করেন। ঘন্টাব্যাপী মানববন্ধনে জনসাধারণ সহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ অংশগ্রহন করেন।

বিকাশে ভুলক্রমে চলে যাওয়া টাকা উদ্ধার করলো সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন

সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল মেহেরপুর কর্তৃক বিকাশে ভুলক্রমে চলে যাওয়া ২১ হজার ৮শ টাকা ও ৬ টি হারানো মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদেরকে হস্তান্তর করা হয়েছে।

বুধবার দুপুরের দিকে পুলিশ সুপার মোঃ রাফিউল আলম নিজ কার্যালয়ে বিকাশে ভুলক্রমে চলে যাওয়া ২১ হজার ৮শ টাকা ও ৬ টি হারানো মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদেরকে হস্তান্তর করেন।

সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল এর ইন্সপেক্টর মেজবাউর রহমান সহ সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন টিম কর্তৃক তথ্য প্রযুক্তি ব্যবহার করে বিকাশে ভুলক্রমে চলে যাওয়া টাকা এবং হারিয়ে যাওয়া বিভিন্ন ব্র্যান্ডের ৬ টি মোবাইল ফোন উদ্ধার করা হয়।

পরে টাকাসহ মোবাইল গুলো তাদের প্রকৃত মালিকের কাছে হস্তান্তর করা হয়। এ সময় অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় মসজিদের জমি জোরপূর্বক দখল করে ঘর নির্মানের অভিযোগ

দামুড়হুদা উপজেলার মুক্তারপুর গ্রামের মাঝপাড়া জামে মসজিদের জমি জোরপূর্বক দখলের অভিযোগ উঠেছে একই গ্রামের খাজের আলির ছেলে

সামসুল (৫০) মৃত দিদার আলির ছেলে সুলতান (৬০) এর বিরুদ্ধে।

বন্ধ করে দেওয়া হয়েছে মসজিদের বিল্ডিং নির্মান কাজ। জমির বিরোধ নিস্পতিতে উপজেলা নির্বাহী অফিসার,উপজেলা সহকারী কমিশনার ভুমি সদর ইউনিয়ন চেয়ারম্যান বরাবর লিখিত অভিযোগ দায়ের।

মসজিদ কমিটির সভাপতি জাহাঙ্গীর হোসেন ও সাধারন সম্পাদক হোসেন আলি সহ প্রায় ৩শ’ গ্রামবাসীর স্বাক্ষরিত লিখিত অভিযোগ সুত্রে জানাগেছে, মুক্তারপুর মাঝের পাড়া জামে মসজিদের বিল্ডিংএর নির্মান কাজ শুরু করা হয়।

এরপর বিবাদিগন উক্ত মসজিদের মধ্যে তাদের কিছু জমি আছে বলে দাবী করে মসজিদের বিল্ডিং এর নির্মান কাজ বন্ধ করাসহ উক্ত জমি দখলের পায়তারা করছে।

একই ভাবে সুলতান আলি জোরপূর্বক মসজিদের জমি দখল করে বসত ঘর নির্মান করেছে। ঘর নির্মানের সময় মসজিদ কমিটির পক্ষ থেকে জমি মাপজোপ করে ঘর নির্মান করতে বললে তাতে কর্নপাত না করে গায়ের জোরে ঘর নির্মান করেছে।

এছাড়া ও মসজিদের সামনের ফাঁকা জায়গায় দোকান ঘর নির্মানের পায়তারা করছে ও মসজিদ কমিটির সদস্য দের হুমকি ধমকি দেয়। মসজিদ নিয়ে রক্তক্ষয়ী সংঘর্ষ এড়াতে।

বিষয়টি সমাধানের জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান,উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিনার ভুমি, লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

চিকিৎসকদের স্বাস্থ্য ব্যবস্থায় স্বাধীনতা নেই

চিকিৎসকদের স্বাস্থ্য ব্যবস্থায় স্বাধীনতা নেই বলে জানিয়েছেন বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ) কেন্দ্রীয় কমিটির সভাপতি ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিন।

যায়।তাই নতুন ডাক্তারদের সঠিকভাবে নিজের দায়িত্ব পালন করার আহ্বান জানানো হয়।

সততা মানুষের সতিত্ব উল্লেখ করে নবীন চিকিৎসকদের উদ্দেশ্যে তিনি বলেন, তোমাদের চাকুরী জীবন সবে শুরু হলো। তোমরা যে মহান চিকিৎসা পেশার সাথে জড়িত। তাই সততার সাথে চিকিৎসা সেবা দেওয়ার আহবান জানান তিনি।

পরে যোগদানকৃত চিকিৎসকদের মাঝে ফুল ও উপহার সামগ্রী তুলে দেয়া হয়। এছাড়াও বিএমএ সদস্যফরম তুলে দেন অতিথিবৃন্দ। এরআগে অনুষ্ঠানের শুরুতেই অতিথিদের ফুলেল শুভেচ্ছা জানান কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের সন্ধানী ইউনিটের শিক্ষার্থীরা।

মেহেরপুরে ট্রাকের চাকায় স্পৃষ্ট হয়ে প্রাণ হারালেন কৃষক

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের সদর উপজেলার পুরাতন দরবেশপুর নামক স্থানে সিমেন্ট বোঝায় ট্রাকের চাকায় স্পৃষ্ট হয়ে প্রাণ হারালেন আশরাফুল ইসলাম নামের এক কৃষক।

নিহত আশরাফুল ইসলাম মেহেরপুর সদর উপজেলা পুরাতন দরবেশপুর গ্রামের আজিমুদ্দিনের ছেলে। সে ২ কন্যা সন্তানের জনক।
আজ বুধবার (৩০ মার্চ) সকালের দিকে এ দুর্ঘটনা ঘটে। সকাল ৭ টার দিকে চিকিৎসাধীন অবস্থায় মেহেরপুর জেনারেল হাসপাতালে মারা যান তিনি।
সড়ক দুর্ঘটনায় দুজন নিহত হওয়ার সপ্তাহ পার হতে না হতেই প্রায় একই স্থানে আবারও একটি সড়ক দুর্ঘটনা প্রাণ গেল পুরাতন দরবেশপুর গ্রামের আশরাফুল নামের এক ব্যক্তির।

স্থানীয়দের বরাত দিয়ে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান জানান, আশরাফুল ইসলাম ও তার প্রতিবেশী সকালের দিকে

রাস্তার পাশে বসে ছিলেন। এ সময় সিমেন্ট বোঝাই একটি ট্রাক (ঢাকা মেট্রো-উ- ১১-২১৬৭) আশরাফুলকে ধাক্কা মারে। এতে আশরাফুল ইসলাম মারাত্মক আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেন। চিকিৎসাধীন অবস্থায় আশরাফুল ইসলাম মারা যান। এ ঘটনায় ট্রাকচালক ট্রাকটি ফেলে রেখে পালিয়ে যায় ।

আশরাফুল ইসলাম এর মৃত্যুর খবর জানাজানি হওয়ার পরপরই স্থানীয়রা মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের উপর গাছের গুড়ি ফেলে রেখে সড়ক অবরোধ করে রাখে।

ওই গ্রামের আরজান আলী, মিশকাত আলী ও আবু সুফিয়ান জানান, বিচার না হওয়া পর্যন্ত রাস্তা অবরোধ থাকবে। তারা বলেন যানবাহনের চালকদের বেপরোয়া গতিতে গাড়ি চালানো ও তাদের খামখেয়ালিপনার কারনে এ সড়কটিতে প্রতিনিয়ত প্রাণ ঝরছে। কোনো বিচার না হওয়ায় চালকদের বেপরোয়া গতি দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

খবর পেয়ে সদর থানা পুলিশের একটি টীম ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেন। রাস্তা অবরোধের কারনে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে কয়েক ঘন্টা যাবৎ সকল প্রকার যান চলাচল বন্ধ ছিলো। সিমেন্ট বোঝায় ঘাতক ট্রাকটি উদ্ধার করেছে সদর থানা পুলিশ।

উল্লেখ্য এ দুর্ঘটনার ৭ দিন আগে একই স্থানে সিমেন্ট বোঝাই কাভার্ডভ্যানের ধাক্কায় রাস্তার পাশে থাক একটি ইঞ্জিন বিকল গাড়ির চালক এবং হেলপার নিহত হয়েছেন।